



তথ্যবিবরণী

নম্বর: ৪৭

১৯ অক্টোবর প্রধানমন্ত্রীর সেতু উদ্বোধন উপলক্ষে ময়মনসিংহে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ (শনিবার, ১৪ অক্টোবর ২০২৩ খ্রি.)

আগামী ১৯ অক্টোবর প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশব্যাপী ১৫০ টি সেতু, ১৪টি ওভারপাসের উদ্বোধন করবেন। এর মধ্যে ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ জেলায় ২৩টি, নেত্রকোনায় ১২টি ও জামালপুরে ০৫টিসহ মোট ৪০টি সেতু রয়েছে। প্রধানমন্ত্রী এসময় ময়মনসিংহ বিআরটিসি বাস ডিপো ও প্রশিক্ষণ কেন্দ্র এবং ময়মনসিংহবাসীর জন্য অতি গুরুত্বপূর্ণ কেওয়াটখালি ও রহমতপুর সেতুর নির্মাণকাজেরও উদ্বোধন করবেন। উদ্বোধন উপলক্ষে আজ ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলনকক্ষে সকাল ১০:৩০টায় প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

সভায় উদ্বোধনী অনুষ্ঠানকে ঘিরে ময়মনসিংহের সার্বিক প্রস্তুতি নিয়ে আলোচনা করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ময়মনসিংহ প্রান্তের সাথে ভারুয়ালি সংযুক্ত হবেন। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী সভায় ময়মনসিংহের প্রস্তুতির ব্যাপারে সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন। সচিব উদ্বোধনী অনুষ্ঠান উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠানে প্রশাসনের সার্বিক সমন্বয়ের ব্যাপারে বলেন।

সভায় প্রধানমন্ত্রীর উদ্বোধন অনুষ্ঠান উপলক্ষে সার্কিট হাউজ মাঠে বড় প্যান্ডেল নির্মাণ, শহরজুড়ে সাজসজ্জা ও প্রচার, উদ্বোধনস্থল ও শহরের বিভিন্ন জায়গায় এলইডি স্ক্রিনে উদ্বোধনকৃত সেতুগুলোর ভিডিও ক্লিপস প্রদর্শনের ব্যাপারে আলোচনা হয়। বলা হয়, এদিন শহরকে যানজট মুক্ত রাখতে এবং সড়ক শৃংখলা বজায় রাখতে ট্রাফিক বিভাগকে এবং নিরাপত্তা ও আইন শৃংখলা বজায় রাখতে আইন-শৃংখলা বাহিনীকে তৎপর থাকতে হবে।

প্রস্তুতিমূলক সভায় ময়মনসিংহ প্রান্তের উদ্বোধনী অনুষ্ঠানস্থলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার ব্যাপারে আলোচনা হয়। জানানো হয়, পুরো প্রোগ্রাম ও ট্রায়াল হবে জেনারেটরে এবং তার ব্যাকআপ হিসেবে থাকবে জেনারেটর ও বিদ্যুৎ। অনুষ্ঠানস্থলে উপস্থিত দর্শকদের স্বাস্থ্য নিরাপত্তায় থাকবে মেডিকেল টিম। বিভাগের উদ্বোধনকৃত প্রতিটি সেতুকে সাজানো হবে, ব্রিজের দুপাশে ফ্লাগ লাগানো হবে এবং প্রচারের ব্যবস্থা থাকবে যাতে সেতু এলাকার জনগণ অনুষ্ঠানের সাথে সংশ্লিষ্ট হতে পারে। প্রতিটি ব্রিজের সাথে একজন মনিটরিং অফিসার থাকবে।

ময়মনসিংহ সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মোঃ শওকত আলী জানান, সীমান্ত যোগাযোগ বৃদ্ধিতে ময়মনসিংহ বিভাগের সীমান্ত সড়কের ভিতরেও ১৮টি সেতু রয়েছে। বিভাগের প্রতিটি সেতুতে প্রধানমন্ত্রীর উদ্বোধনের সাথে সাথে ফলক উন্মোচন করা হবে। ব্রহ্মপুত্র নদের উপর নির্মিতব্য কেওয়াটখালি ও রহমতপুর সেতু নদীর অপর পাড়ে বিভাগীয় শহরকে যুক্ত করবে।

সভায় সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য মনিরা সুলতানা, ময়মনসিংহের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোহাম্মদ আনোয়ার হোসেন, সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ ইউসুফ আলী, পুলিশ সুপার মাছুম আহাম্মদ ভূঞা, জেলা তথ্য অফিসের পরিচালক (রুটিন দায়িত্ব) শেখ মোঃ শহীদুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সভাপতি এহতেশামুল আলম, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তিবর্গ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

#

রিডওয়ান/দেওয়ান/মনির/সজিব/২০২৩/১৫.৪০ ঘণ্টা